সংবাদ

তারিখ 28 OCT 2002

পৃষ্ঠা – ১২ কলাম – ৪

# ঢা.বির হলে অস্ত্র নিয়ে ছাত্রদলের ধাওয়া পালটা ধাওয়া

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসীন হলে ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে রোববার হাতাহাতি, ধাওয়া-পালটা ধাওয়া ও অস্ত্র প্রদর্শনীর ঘটনা ঘটেছে। এসময় ছোট রাজন ও জিয়া নামে ছাত্রদলের ২ কর্মী আহত হয়। এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অপরাধে ৩ ছাত্রদল কর্মীকে শোকজ করা হয়েছে।

ক্যাম্পাস সূত্রে জানা যায়, শনিবার রাতে এক ছাত্রকে হলে ওঠানোকে কেন্দ্র করে

ঢা.বি হল ঃ পৃঃ ২ কঃ ৬

## ঢা.বি হল ঃ অস্ত্র

( ১২শএর পৃষ্ঠার পর )

ছাত্রদল মুহসীন হল শাখার সাংগঠনিক সম্পাদক আনোয়ারুল হক রয়েলের সঙ্গে ছাত্রদল কর্মী শহীদুল ইসলামের বাকবিতণ্ডা হয়। এ ঘটনার জের ধরে রোববার দুপুরে মধুর ক্যান্টিনে আসাদ গ্রুপ সমর্থিত জাহিদ-জুনিয়র কর্মীরা শহীদুলকে কেন্দ্রীয় লাইব্রেরির সামনে নিয়ে গুলি করে মারার নির্দেশ দেয়। জুনিয়র কর্মীরা শহীদুলকে ধরে টানাটানি শুরু করে। এসময় উপস্থিত নেতৃবৃন্দের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়। এ ঘটনার পর জাহিদ তার গ্রুপের কর্মীদের অস্ত্র নিয়ে হল গেটে অবস্থান নিতে বলে এবং শহীদুল যাতে হলে উঠতে না পারে সেই নির্দেশ দেয়। পরবর্তীতে শহীদুল তার গ্রুপের কর্মী নিয়ে হলে উঠতে গেলে পাইলটের নির্দেশে ইমন ছোট রাজনকে রিভলভার দিয়ে গুলি করে। গুলি বের না হওয়ায় তাকে চাপাতি দিয়ে মাথায় আঘাত করা হয় ও জিয়াকে লাঠি দিয়ে পেটানো হয়। এ সময় দু'গ্রুপের মধ্যে ২০ মিনিট ধাওয়া-পালটা ধাওয়া হয়।

পরে বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম-আহ্বায়ক আসাদুজ্জামান আসাদসহ অন্য নেতৃবৃন্দ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে ইমন, মোশতাক ও ছোট রাজনকে শোকজ করা হয়েছে।

অন্যদিকে মুহসীন হল সাধারণ সম্পাদক গোলাম হাফিজ নাহিনের সঙ্গে অশোভন আচরণ করার কারণে শহীদুল ও মেসবাহকে হলে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে। আহতরা প্রাথমিক চিকিৎসা নিয়ে হলে অবস্থান করছে।